পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ২০১৪-২০১৫ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের উপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভূক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার(%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
১।	পরিবেশ ও বন মন্ত্রণালয়	২	২	--	--	১	১	৩৬.৩৬ ১০৯.০৯	১	১৬.৬৬ ৭৯.৯৭%

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ২টি

০২। **ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

মূলত: নিম্নলিখিত কারণে প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করা হয়:

সমাপ্ত প্রকল্পসমূহের মেয়াদকাল বৃদ্ধির প্রধান প্রধান কারণসমূহ হচ্ছে যথাযথ সম্ভাব্যতা সমীক্ষা ব্যতীত প্রকল্প প্রণয়ন ও ঠিকাদার নিয়োগে বিলম্ব, ক্রয় কার্য প্রক্রিয়াকরণে সময়ক্ষেপন, ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী ইত্যাদি। তাছাড়া সমাপ্ত প্রকল্পসমূহের ব্যয় মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা বৃদ্ধি না পেলেও প্রকল্প প্রণয়নকালে বাস্তবতার নিরিখে প্রয়োজনীয় কার্যক্রম প্রকল্প প্রস্তাবে অন্তর্ভূক্ত না করা, বারবার ভৌত কাজের ডিজাইন পরিবর্তন ও সিডিউল রেট/নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধিহেতু ভৌত কাজের ব্যয় বৃদ্ধি পাওয়ায় কাজের পরিমাণ হ্রাস করে প্রকল্প সংশোধন, সঠিক পরিকল্পনার অভাব, দুর্বল প্রকল্প ব্যবস্থাপনা ইত্যাদি কারণে অনেক প্রকল্প মূল পরিকল্পনা মোতাবেক বাস্তবায়ন করা সম্ভব হয়নি।

০৩. **প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ**

ক্র: নং:	**প্রকল্পের নাম ও সমস্যা**	**সুপারিশ**
০১।	‘‘কমিউনিটি বেজ্ডএডাপ্টেশন টু ক্লাইমেট চেঞ্জ থ্রু কোস্টাল এফোরেষ্টেশন ইন বাংলাদেশ (২য় সংশোধিত, ২য় আন্তখাত সমন্বয়) শীর্ষক পকল্প। জলবায়ূ পরিবর্তন জনিত ঝুর্কি মোকালেরার লক্ষ্যে উপকূলীয় জনগণের সক্ষমতা বৃদ্ধি এবং উপকুলীয় এলাকার ই-কোসিস্টেম সংরক্ষণ; জলবায়ূ ঝুর্কি হ্রাস মূলক কার্যক্রম; উপকূলীয় জনগণের উপর জলবায়ূ পরিবর্তনের ঝুর্কি হ্রাসের লক্ষ্যে জাতীয় নীতিমালা সংশোধন; অনুসরণীয় শিক্ষা;	পিসিআর -এ উল্লেখিত প্রকল্পের অনুমোদিত ব্যয়, সংশোধিত এডিপি বরাদ্দ, বছর ভিত্তিক অর্থ অবমুক্তি ও প্রকৃত ব্যয় এবং অংগভিত্তিক বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য গত বিভ্রাট গ্রহণযোগ্য নয়; ভবিষ্যতে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন প্রণয়ন কালে আরও অধিকতর সতর্ক হওয়া প্রয়োজন; মন্ত্রণালয় পিসিআর প্রণয়নের সাথে সম্পৃক্তদের বিষয়ে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে; ভবিষ্যতে প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে যথাযথভাবে ডিজাইন এবং সে অনুযায়ী প্রাক্কলন করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা অনুমোদিত ব্যয়ে ও নির্ধারিত সময়-সীমার মধ্যে প্রকল্পের সকল অংগের বাস্তবায়ন আবশ্যিকভাবে সমাপ্তির লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে;

ক্র: নং:	প্রকল্পের নাম ও সমস্যা	সুপারিশ
		সম্ভাব্যতা যাচাই পূর্বক যথাযথ প্রক্রিয়া অনুসরন করে প্রকল্প গ্রহণ করা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের অগ্রগতি অর্জন করা সহজ হত। এছাড়া বৈদেশিক অর্থ ব্যবহারে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি করা; নিরবছিন্ন বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে ঘন ঘন প্রকল্প পরিচালকের পরিবর্তন না করে প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত পরিকল্পনা কমিশনের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা বাঞ্ছনীয়; প্রতিবেদনের ১৮নং অনুচ্ছেদে উল্লেখিত নবসৃষ্ট চরে সৃজিত বনভূমিসহ প্রকল্পের আওতায় সৃজিত তন্যান্য বনভুমিগুলি যথাযথভাবে সংরক্ষণ, উপকূলে বসবাকারী জনগণের উপর জলবায়ু পরিবর্তন জনিত বিরুপ প্রভাব হ্রাস এবং জলবায়ু পরিবর্তন জনিত পরিস্থিতির সাথে উপকূলবাসীর খাপ খাওয়ানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।নবসৃষ্ট চরগুলিতে বনায়নের পাশাপাশি পর্যটন সুবিধা বৃদ্ধির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণকরা যেতে; যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অবিলম্বে প্রকল্পের অডিট সম্পন্ন করতে হবে এবং অডিটের কপি আইএমই বিভাগে প্রেরণ করতে হবে; উপকূলীয় অঞ্চলের পোল্ডার সমূহ দীর্ঘ সময় পোল্ডার সমূহ পূনর্বাসন/মেরামত না করায় প্রতিনিয়ত জোয়ার-ভাটা এবং নিম্নচাপ জনিত কারনে সৃষ্ট উচ্চ জোয়ারের প্রভাবে পোল্ডারের অবকাঠামো সমূহ ক্ষতিগ্রস্থ হচ্ছে। ক্ষতিগ্রস্থ পোল্ডারের অবকাঠামোসমূহের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন; আলোচ্য প্রকল্পের আওতায় যে সমস্ত কাজ সম্পন্ন করা হয়েছে সেগুলো মেরামত ও সংরক্ষণের জন্য রাজস্ব বাজেটে বরাদ্দ রাখতে হবে; এবং প্রকল্পের এক্সটার্নাল অডিট সম্পন্ন করে করতে হবে; পর্যবেক্ষণ/মতামতের আলোকে গৃহীত কার্যক্রম প্রশাসনিক মন্ত্রণালয় আগামী ০২ মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করবে।
০২। "উপকূলীয় (রক্ষিত) বন এলাকায় টেকসই উন্নয়ন এবং জীববৈচিত্র সংরক্ষণ (এসডিবিসি-সুন্দরবনস)" শীর্ষক পকল্প। প্রকল্প বাস্তবায়নে তেমন কোন সমস্যা উদ্ভুত হয়নি।		সাতক্ষীরা জেলার শ্যামনগরে ৫ নং পোল্ডারে বিভিন্ন স্থানে টার্ফিং যথাযথভাবে করা হয়নি। পোল্ডার রক্ষার্থে পানি উন্নয়ন বোর্ডের সাথে সমন্বয়পূর্বক স্থানীয় জনগণকে সম্পৃক্ত করে টার্ফিং করা প্রয়োজন; বাঁধ/রাস্তার দু'পাশে বনায়ন তত্ত্বাবধায়নের কোন ব্যবস্থা রাখা হয়নি। ফলে এ বন টিকে থাকা নিয়ে সংশয় রয়েছে।

ক্র: নং:	প্রকল্পের নাম ও সমস্যা	সুপারিশ
		উপকারভোগীদের সমন্বয়ে কমিটি গঠন করে বন রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন; টিপিপি'র ৬টি অংগে উন্নয়ন সহযোগী অংশে বরাদ্দের অতিরিক্ত খরচ করা হয়েছে। উন্নয়ন সহযোগী কর্তৃক সরাসরি অর্থ খরচ করা হলেও প্রকল্প পরিচালক এর দায় এড়াতে পারেন না। ভবিষ্যতে টিপিপি'র সংস্থানের মধ্যে অর্থ খরচের বিষয়ে উন্নয়ন সহযোগী এবং প্রকল্প পরিচালক সচেষ্ট থাকবেন এবং সতর্কতা অবলম্বন করবেন; প্রকল্পেরআওতায়বিকল্পজীবিকারঅন্বেষণে হ্যাচারীতেকাঁকড়ারপোনা উৎপাদন পদ্ধতি আবিষ্কার করা হয়েছে এ পদ্ধতিতে কাঁকড়ার পোনা উৎপাদনপূর্বকতা বাণিজ্যিকভাবেচাষ করে স্থানীয় জনগণ সুন্দরবনের উপর নির্ভরশীলতাকমাবে এ লক্ষ্য নিয়ে হ্যাচারী স্থাপন করা হলেও লক্ষ্যটি পূরণ হয়নি। সুন্দরবনেরউপর নির্ভরশীলতাকমাতে বিকল্প এ জীবিকায় জনগণকে আকৃষ্ট করবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন; প্রকল্পটি উপর External Audit সম্পাদন করা হয়নি। External Audit সম্পাদন করে আইএমই বিভাগকে অবহিত করা যেতে পারে; অনুচ্ছেদ: ১৮.১ হতে ১৮.৫ এ বর্ণিত মতামতের আলোকে গৃহীত ব্যবস্থা আগামী ২(দুই) মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করা যেতে পারে।

‘‘কমিউনিটি বেজড এডাপ্টেশন টু ক্লাইমেট চেঞ্জ থ্রু কোস্টাল এফোরেষ্টেশন ইন বাংলাদেশ (২য় সংশোধিত) (২য় আন্তখাত সমন্বয়)” শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত- জুন, ২০১৫)

ক. প্রকল্পের মৌলিক তথ্যঃ

প্রকল্পের নাম	ঃ	‘‘কমিউনিটি বেজড এডাপ্টেশন টু ক্লাইমেট চেঞ্জ থ্রু কোস্টাল এফোরেষ্টেশন ইন বাংলাদেশ (২য় সংশোধিত) ২য় আন্তখাত সমন্বয়)			
প্রকল্পের ধরণ	ঃ	বিনিয়োগ			
অর্থায়নের উৎস্য	ঃ	মোটঃ ৭১৫৭.৭৮ লক্ষ টাকাঃ (জিওবি ১০১৫.২৯; প্রকল্প সহায়তা ৬১৪২.৪৯ (জিইএফ ২৭৬.৩৮ মাঃ ডঃ, ইউএনডিপি ৮৫.৮৪ মাঃ ডঃ, এসডিসি ১৭৩.৬০০ মাঃ ডঃ, ইকেএন ৭৮.৪৩০ মাঃ ডঃ)			
বাস্তবায়নকাল	ঃ	মেয়াদকাল	অনুমোদনের তারিখ	মূল মেয়াদের তুলনায় বৃদ্ধি	সর্বশেষ অনুমোদিত মেয়াদের তুলনায় বৃদ্ধি
৫.১ মূল অনুমোদিত মেয়াদ	ঃ	অক্টোবর, ২০০৯ - জুন, ২০১২	১৮.১০.২০০৯		
৫.২ বিনা বয়ে মেয়াদ বৃদ্ধি	ঃ	অক্টোবর, ২০০৯ - জুন, ২০১৩	০৮.০৪.২০১৩	১ বছর (৩৬.৩৬%)	১ বছর (৩৬.৩৬%)
৫.৩ ১ম সংশোধিত মেয়াদ	ঃ	অক্টোঃ, ২০০৯ - জুন, ২০১৪	২৯.১০.২০১৩	২ বছর (৭২.৭২%)	১ বছর (২৬.৬৭%)
৫.৪ ২য় সংশোধিত মেয়াদ (আন্তঃখাত সমন্বয়)	ঃ	মার্চ, ২০০৯ - জুন, ২০১৫	২৪.০২.২০১৫	৩ বছর (১০৯.০৯%)	২ বছর (২১.০৫%)
৬. অনুমোদিত ব্যয় (লক্ষ টাকায়)	ঃ	মোট ব্যয়	জিওবি	প্রকল্প সহায়তা	মূল অনুমোদিত ব্যয়ের তুলনায় বৃদ্ধি	সর্বশেষ অনুমোদিত ব্যয়ের তুলনায় বৃদ্ধি
৬.১ মূল অনুমোদিত ব্যয়	ঃ	৩৯৭৭.১০৯	৬৮৩.০০	৩২৯৪.১০৯		
৬.২ ১ম সংশোধিত ব্যয়	ঃ	৭১৫৭.৭৮	১০১৫.২৯	৬১৪২.৪৮৯	৩১৮০.৬৭ (৭৯.৯৭%)	৩১৮০.৬৭(৭৯.৯৭ %)
৭. বাস্ত্মবায়নকারী কর্তৃপক্ষ	ঃ	মন্ত্রণালয় : পরিবেশ ও বন মন্ত্রণালয়		সংস্থা : বন অধিদপ্তর	
৮. প্রকল্প এলাকা	ঃ	চট্টগ্রামের জেলার আনোয়ারা উপজেলার রায়পুর ও জুইদন্ডী ইউনিয়ন নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার বুড়িরচর ও জাহাজমারা ইউনিয়ন ভোলা জেলার চরফ্যাশন উপজেলার চর কুকরীমুকরী ও আসলামপুর ইউনিয়ন বরগুনা জেলার বরগুনা সদর উপজেলার নলটোনা ও ঢলুয়া ইউনিয়ন			
০৯. প্রকল্পের সার্বিক অগ্রগতি	ঃ	পিসিআর অনুযায়ী ক্রমপুঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি যথাক্রমে ৮৬.৮৯% এবং ৭৮.৩১।			

১০. প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে)

- জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকিতে থাকা বাংলাদেশের উপকুলীয় এলাকায় জনগোষ্ঠির বিপন্নতা হ্রাস;
- পরিবর্তিত পরিস্থিতিতে খাপ খাওয়ানোর জন্য উপকূলীয় জনগণের দক্ষতা উন্নয়নের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি; এবং
- জীবন যাত্রার মান উন্নয়ন।

১১। প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশ নিম্ন অববাহিকার দেশ হিসাবে প্রতি বছর বন্যা ঘুর্ণিঝড় জলোচ্ছাস প্রভৃতি নানাবিধ প্রকৃতিক দুর্যোগের সম্মুখিন হয়ে থাকে। সাম্প্রতিককালে বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তন জনিত সমস্যার কারণে এসমস্ত প্রাকৃতিক দুর্যোগের মাত্রা এবং উপকূলীয় অঞ্চলে বসবাসরত জনগোষ্ঠীর জীবনে এর বিরুপ প্রভাবও অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। বিভিন্ন গবেষণায় দেখানো হয়েছে, বৈশিক তাপমাত্রা ০.০৪ ডিগ্রি সেলসিয়াস বৃদ্ধির ফলে বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে জলোচ্ছাসের তীব্রতা বহুগুনে (৪.০মিঃমিঃ/বছর থেকে ৭.০ মিঃমিঃ /বছর) বৃদ্ধির আংশকা রয়েছে। ফলে জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা দেশসমুহের তালিকায় শীর্ষে রয়েছে বাংলাদেশ।

বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগের মাত্রা/তীব্রতা বৃদ্ধি পেলে উপকুলীয় অঞ্চল বেশী পরিমানে প্লাবিত এবং অধিক সংখ্যক জনগণের ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকা থাকে। তবে বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাংশে সুন্দরবনের অবস্থানের কারণে এ অঞ্চলে জলবায়ু জনিত জলোচ্ছাসে প্রভাব অনেকটা কম। কিন্তু, বাংলাদেশর উপকূলীয় অন্যান্য জেলা সমূহে যে সমস্ত এলাকায় সুন্দরবন নাই সে সমস্ত এলাকায় ক্ষয়ক্ষতির তীব্রতা অনেক বেশী। জলবায়ু পরিবর্তন বিষয়ক বাংলাদেশের গুরুত্বপূর্ণ দলিল NAPA -তে উপকূলীয় জনগণের বিপন্নতা হ্রাস করার নিমিত্তে স্থানীয় জনগণের অংশগ্রহণের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নের উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করা হয়েছে। এ প্রেক্ষাপটে বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে বনায়ন কার্যক্রম গ্রহণের মাধ্যমে বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে জলবায়ু পরিবর্তনজনিত ক্ষয়ক্ষতি হ্রাস, উপকূলে বসবাসকারী জনগণকে জলবায়ুজনিত বিরূপ প্রভাবের সাথে খাপ খাওয়ানো এবং উপকুলীয় জনগণের জীবনযাত্রার মান উন্নয়নের নিমিত্ত প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রাথমিকভাবে বাংলাদেশর দক্ষিণ ভাগে সুন্দরবন বিহীন এলাকার বরগুনা সদর, ভোলার চরফাশন, নোয়াখালীর হাতিয়া এবং চট্টগ্রামের আনোয়ারা উপজেলাকে প্রকল্প এলাকার জন্য নির্বাচন করা হয়।

খ. প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত তথ্য

১২। প্রকল্পের অনুমোদন ও সংশোধন:

মূল প্রকল্পটি মোট ৩৯৭৭.১০৯ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০০৯ হতে নভেম্বর ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য ১৮.১০.২০০৯ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে মোট প্রকল্প ব্যয় অপরিবর্তিত রেখে প্রকল্পের মেয়াদ জুলাই, ২০০৯ হতে নভেম্বর ২০১৩ পর্যন্ত বর্ধিত করা হয়। কিন্তু নির্ধারিত সময়ে প্রকল্পের সকল অং গের বাস্তবায়ন সমাপ্ত না হওয়ায় প্রকল্পের ১ম সংশোধিত প্রস্তাব ২৯/১০/২০১৩ তারিখে অনুমোদিত হয়। প্রথম সংশোধনী মোতাবেক প্রকল্পের ব্যয় ৭১৫৭.৭৮ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৪ পর্যন্ত বর্ধিত করা হয়। বর্ধিত মেয়াদে প্রকল্পের কাজ সমাপ্ত না হওয়ায় প্রকল্প দ্বিতীয় বারের প্রকল্পের মেয়াদ ২০০৯ হতে জুন থেকে ২০১৫ পর্যন্ত পূনঃ নির্ধারণ করা হয় ২৪.০২.২০১৫ তারিখে।

১৩। প্রকল্পের আরডিপিপি বরাদ্দ, আরএডিপি বরাদ্দ, অর্থ অবমুক্তি ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	আরডিপিপি বরাদ্দ	সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্ত	প্রকৃত অগ্রগতি (আর্থিক ও বাস্তব)					
		মোট	জিওবি	প্রঃ সহাঃ		মোট	জিওবি	প্রঃ সহাঃ	মোট (৮+৯)**	আর্থিক %**	বাস্তব %
১.	২.	৩.	৪.	৫.	৬.	৭.	৮.	৯.	**১০.**	১১.	১২.
২০০৯-১০	৮৫৫.২১	৫৬০.১৩	১৭০.৭৫	৩৮৯.৩৮	১৭৯.১৪	৩৬০.৬৯	১৭০.৭৫	৩৬০.৬৯	**৫৩১.৪৪**	**৯৪.৮৮**	৯৩.০০
২০১০-১১	৮৮৭.৫২	৭৭৬.৭৫	১৭০.৭৫	৬০৬.০০	৬০৬.০০	৬০৬.০০	১৭০.৭৫	৬০৬.০০	**৭৭৬.৭৫**	**১০০.০০**	১০০.০০
২০১১-১২	৯৬২.৯৭	৯৭০.৭৫	১৭০.৭৫	৮০০.০০	৯৭০.৭৪	৯৭০.৭৪	১৭০.৭৫	৭৯৯.৯৯	**৯৭০.৭৪**	**১০০.০০**	৯৭.০০
২০১২-১৩	৯২৮.৭৯	১০৭৩.৭৯	১৭১.৭০	১০০০.০০	৯২৮.৭৮	৯২৮.৭৮	১৭১.৭০	৮৭০.০৮	**১০৪১.৭৮**	**৯৭.০২**	৮৭.০০
২০১৩-১৪	১৫৬২.০৪	১৫০০.০০	১৭৮.২২	১৫০০.০০	১৫৬২.০৪	১৫৬২.০৪	১৭৮.২২	১৩৮৩.৮২	**১৫৬২.০৪**	**১০৪.১৪**	৯২.২৬
২০১৪-১৫	১৯৬১.২৩	২০০৮.১২	১৫৩.১২	১৮৫৫.০০	১৫৫৮.১২	১৫৫৮.১২	১৫৩.১২	১৪০৫.০০	**১৫৫৮.১২**	**৭৭.৫৯**	৭৫.৭৪
মোট**	৭১৫৭.৭৮	৬৮৮৯.৫৪	১০১৫.২৯	৬১৫০.৩৮	৫৮০৪.৮২	৫৯৮৬.৩৬	১০১৫.২৯	৫৪২৫.৫৮	**৬৪৪০.৮৭**	**৯৩.৪৯**	৭৮.৩১

** পিসিআর এ পরিবেশিত তথ্য থেকে (কম্পিউটার এক্সেল ব্যবহার করে) পরিদর্শনকারি কর্মকর্তার নিজের হিসাব।

প্রকল্পের মূল অনুমোদিত সংশোধিত ব্যয় ছিল ৩৯৭৭.১০৯ লক্ষ টাকা। তন্মধ্যে ৬৮৩.০০ লক্ষ টাকা জিওবি এবং ৩২৯৪.১০৯ লক্ষ টাকা প্রকল্প সহায়তা। সর্বশেষ সংশোধনী মোতাবেক প্রকল্পের অনুমোদিত ব্যয় ৭১৫৭.৭৮। তন্মধ্যে ১০১৫.২৯ লক্ষ টাকা জিওবি এবং ৬১৪২.৪৯ লক্ষ টাকা প্রকল্প সহায়তা। প্রকল্পের পিসিআর এর তথ্য অনুযায়ী প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপিতে বরাদ্দ প্রদান করা হয়েছে ৬৮৮৯.৫৪ লক্ষ টাকা। তন্মধ্যে প্রকল্পের অনুকূলে অবমুক্ত করা হয়েছে ৫৮০৪.৮২ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৫৯৮৬.৩৬ লক্ষ টাকা। প্রকল্পের সংশোধিত ডিপিপি বরাদ্দ, সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্যাদি নিম্নের টেবিলে দেখানো হলঃ

(উল্লেখ্য, পিসিআর এ উল্লিখিত তথ্যে বিভ্রাট থাকায় অবমুক্তের চেয়ে ব্যয় বেশী দেখানো হয়েছে, পিসিআর এ সন্নিবেশিত জিওবি ব্যয় (কলাম ৮) ও প্রকল্প সহায়তা (কলাম ৯) যোগ করলে মোট ব্যয় পাওয়া যায় ৬৪৪০.৮৭ লক্ষ টাকা যা সংশোধিত এডিপি বরাদ্দের ৯৩.৪৯%)। সুতরাং প্রকল্পের প্রকৃত অগ্রগতি নিরুপন করা দুরূহ ব্যাপার।

১৪। অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:

প্রকল্পটি ইউএনডিপি, পরিবশে ও বন মন্ত্রণালয়, বন অধিদপ্তর, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ আধিদপ্তর এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের যৌথ সহায়তায় বাস্তবায়িত হয়েছে। পরিবেশ ও বন মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী সংস্থাওয়ারী প্রকল্প বরাদ্দ ও ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণীর নিচের টেবিলে এবং অংগ ওয়ারী বিস্তারিত বরাদ্দ ও ব্যয়ের অগ্রগতি পরিশিষ্ট -১ এ দেখানো হলোঃ

ডিপিপি অনুযায়ী অংগের নাম	ডিপিপির লক্ষ্যমাত্রা	প্রকৃত অগ্রগতি	অগ্রগতি %	পার্থক্য কাঙ্খিত অগ্রগতি না হওয়ার কারণ
ইউএনডিপি	১৬৯৯.৫৮	১৩৮৬.৫৭	৮১.৫৮	(-) ৩১৩.০০৭
ইউএনডিপি/পিএমইউ	১২৪.০০	৬৮.৮৫	৫৫.৫২	(-) ৫৫.১৫৯
পিএমইউ	৩৫৯.০১	৩১২.৯৫	৮৭.১৭	(-) ৪৬.০৫৮
বন অধিদপ্তর ও পরিবেশ ও বন মন্ত্রণালয়	১৫৪.৪৪	১৫৪.৪৪	১০০.০০	
বাংলাদেশ বন গবেষণা ইস্টিটিউট	১১২.৮৯	৯৬.৩৫	৮৫.৩৫	(-) ১৬.৫৩৮
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	২৬২.৫৩	২৬২.৫৩	১০০.০০	
মৎস্য অধিদপ্তর	৯৫.৬২	৯৫.৬২	১০০.০০	
প্রণী সম্পদ অধিদপ্তর	২৫১.৬৫	২৪২.৮৬	৯৬.৫১	(-) ৮.৭৯৪
মোট রাজস্ব ব্যয়	৩০৫৯.৭২	২৬২০.১৬	৮৫.৬৩	(-) ৪৩৯.৫৫৬
ইউএনডিপি	৪৮৯.১৪	৩৯.১৪	৮.০০	(-) ৪৫০.০০০
ইউএনডিপি/পিএমইউ	২৫৬.৬৩	২৫৬.৬৩	১০০.০০	
ইউএনডিপি/বাংলাদেশ পানি উন্নয় বোর্ড	৪১৩.০০	৪১৩.০০	১০০.০০	
পিএমইউ	১২৩.০০	০.০০	০.০০	(-) ১২৩.০০০
পিএমইউ	১২৩.০০	০.০০	০.০০	(-) ১২৩.০০০
বন অধিদপ্তর ও পরিবেশ ও বন মন্ত্রণালয়	১৮০১.০১	১৭৮৮.৪৫	৯৯.৩০	(-) ১২.৫৬০
মোট মূলধন ব্যয়	৩০৮২.৭৭	২৪৯৭.২১	৮১.০১	(-) ৫৮৫.৫৬
মোট প্রকল্প ব্যয়	৬১৪২.৪৯	৫১১৭.৩৭	৮৩.৩১	(-) ১০২৫.১১৬

সুত্রঃ প্রকল্পের পিসিআর (পৃষ্ঠা ৪ -১২)

প্রকল্পের সর্বশেষ সংশোধনী মোতাবেক প্রকল্পের অনুমোদিত ব্যয় ৭১৫৭.৭৮ লক্ষ টাকা। তন্মধ্যে ১০১৫.২৯ লক্ষ টাকা জিওবি এবং ৬১৪২.৪৯ লক্ষ টাকা প্রকল্প সহায়তা (রাজস্ব ব্যয় ৩০৫৯.৭২ লক্ষ টাকা এবং মূলধন ব্যয় ৩০৮২.৭৭ লক্ষ টাকা)। উল্লেখ্য প্রকল্পের অনুকূলে জিওবি বরাদ্দ ১০১৫.২৯ লক্ষ টাকা ইনকাইন্ড হিসাবে গণ্য করা হয়েছে এবং প্রকল্প সহায়তার ৫১১৭.৩৭ ৪৯

লক্ষ টাকা ব্যয় হয়েছে; যা মোট প্রকল্প সহায়তার ৮৩.৩১%। উল্লেখ্য, মোট প্রকল্প সহায়তার শতকরা ২৭.৬৭% অর্থ ইউএনডিপির মাধ্যমে পরামর্শ সেবা খাতে ব্যয় হয়েছে।

১৫। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:

প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এর তথ্য অনুযায়ী প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি হয়েছে যথাক্রমে ৮৬.৮৯% এবং ৭৮.৩১%। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সরবরাহকৃত তথ্য অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত (বনায়ন, বাঁধ নির্মাণ, মৎস্য চাষ, কৃষি প্রদর্শনী) প্রয়োজনীয় জায়গার সংস্থান না হওয়ায় বৈদেশিক সহায়তার অনুদান সমূদয় অর্থ ব্যয় করা সম্ভব হয়নি।

১৬. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত সচিববৃন্দ স্ব স্ব নামের পাশে বর্ণিত মেয়াদে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে ''কমিউনিটি বেজড এডাপ্টেশন টু ক্লাইমেট চেঞ্জ থ্রু কোস্টাল এফোরেষ্টেশন ইন বাংলাদেশ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

প্রকল্প পরিচালকের নাম	মূল পদবী ও দপ্তর	দায়িত্ব কাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত)
১. ডঃ কামাল উদ্দিন আহমেদ	সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়	০১.০২.২০১৫ –৩০.০৬.২০১৫	অতিরিক্ত
২. জনাব মোঃ নজিবুর রহমান	সচিব পরিবেশ ও বন মন্ত্রণালয়	১৮.০৯.২০১৪ – ০১.০২.২০১৫	অতিরিক্ত
৩. জনাব মোঃ সফিকুর রহমান	সচিব পরিবেশ ও বন মন্ত্রণালয়	১৯.১১.২০১২ – ১৮.০৯.২০১৪	অতিরিক্ত
৪. জনাব মেজবাহ-উল-আলম	সচিব পরিবেশ ও বন মন্ত্রণালয়	২০.০১.২০১১ - ১৯.১১.২০১২	অতিরিক্ত
৫. ডঃ মিহির কান্তি মজুমদার	সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়	৩০.০৫.২০০৯ -২০.০১.২০১১	অতিরিক্ত

গ. প্রকল্পের পরিদর্শন সংক্রান্ত তথ্য

১৭। মূল্যায়ন পদ্ধতি (Methodology):

- অনুমোদিত প্রকল্প ছক পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- প্রকল্পের অগ্রগতি মনিটরিং প্রতিবেদন পর্যালোচনা;
- প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পর্যালোচনা;
- প্রকল্প মূল্যায়ন কমিটির (PEC) সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পদির্শন; এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রকল্পের সুবিধাভোগীদের সাথে আলোচনা।

১৮. সরেজমিনে পরদর্শন:

''কমিউনিটি বেজডএডাপ্টেশন টু ক্লাইমেট চেঞ্জ থ্রু কোস্টাল এফোরেষ্টেশন ইন বাংলাদেশ (২য় সংশোধিত, ২য় আন্তখাত সমন্বয়) শীর্ষক প্রকল্পটি বাংলাদেশের উপকূলীয় অঞ্চলের বরগুনা সদর উপজেলা, ভোলার চরফ্যাশন, নোয়াখালীর হাতিয়া ও চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলার মোট ৮টি ইউনিয়নে বাস্তবায়িত হয়েছে (অনুচ্ছেদ ৮)। তন্মধ্যে আইএমই বিভাগের পরিচালক মোসাঃ তাজকেরা খাতুন ২২-২৩ জানুয়ারি, ২০১৭ তারিখ প্রকল্পের আওতায় ভোলা জেলার চরফ্যাশন উপজেলার বিভিন্ন চরে বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে জানা যায়, বন অধিদপ্তরের উপকূলীয় বন বিভাগ ভোলা এবং উপকূলীয় বন বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দের নীবিড় তত্ত্বাবধানে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট

উপকূলীয় বন বিভাগীয় কর্মকর্তা সহ প্রকল্প বাস্তবায়নের সাথে সম্পৃক্ত মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহ করে সহায়তা করেছেন।

১৮.১। ভোলা জেলায় অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ

ভোলা জেলার উপকূলীয় বন বিভাগীয় কর্মকর্তা জানান যে, বর্ণিত প্রকল্পের আওতায় ভোলার চরফ্যাশন উপজেলায় নব সৃষ্ট চর সমূহে মোট ২৪১৭ হেঃ নতুন বনায়ন এবং ৪.০৭ কিঃমিঃ রাস্তা/বাঁধ বরাবর স্ট্রীপ বনায়ন করা হয়েছে। তন্মধ্যে চর কুকরী-মুকরীতে ৭৯০ হেঃ বনায়ন এবং ৫কিঃমিঃ স্ট্রীপ বনায়ন করা হয়েছে। প্রকল্পের আওতায় যে সমস্ত বনভূমি সৃজন করা হয়েছে তন্মধ্যে ৪০০ হেঃ গোলপাতা, ১৮০০ হেঃ ম্যানগ্রোভ, ১৫২ হেঃ মাউন্ড ৪৫ হেঃ ডাইক এবং ১০কিঃমিঃ স্ট্রীপ বনায়ন ।

পরিদর্শনকালে চর কুকরী-মুকরী, চর মানিকা, চর পাতিলা, চর দিঘল, পশ্চিম চর দিঘল, চর আলিম উত্তর, চর আলিম পশ্চিম, চর ইসলাম ইত্যাদি চরে প্রকল্পের আওতায় সৃজিত বিভিন্ন বনভূমি পরিদর্শন করা হয় (চিত্র ১ ও ২)। তাছাড়া চর কুকরী-মুকরীতে বাংলাদেশ পানি উন্নয়নবোর্ড কর্তৃক নির্মিত বাঁধ বরাবর সৃজিত ৪.০৬কিঃমিঃ স্ট্রীপ বনায়ন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের প্রথম পর্যায়ে (২০১০-১১ সালে) সৃজিত বনভূমিগুলির অবস্থা মোটামুটি ভাল দেখা যায়। তবে, ২০১৩-১৪ সালে সৃজিত বনভূমিগুলি এখও বিপদমুক্ত নয় মর্মে জানা যায়। চরের নদী তীরবর্তী এলাকায় রোপিত বৃক্ষের চারাগুলি জোয়ারের পানিতে প্লাবিত হয় এবং ভাটার সময়ে জেগে উঠে। লবনক্ততা সহিষ্ণু এসমস্ত বৃক্ষের চারাগুলি একসময়ে বড় হয়ে বনভূমিতে রূপলাভ করলে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হবে মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অভিমত ব্যক্ত করেন।



চিত্র ১ ও ২: চর কুকরী-মুকরীতে প্রকল্পের আওতায় সৃজিত বিভিন্ন প্রকার বনায়ন

বিভিন্ন চরে সৃজিত বনভূমির অধিকাংশই কেওড়া, বাইন, ও ছইলা বৃক্ষ। বড় বড় বৃক্ষের নীচের স্তরে গোলপাতা, হারগোজা ও কাকড়াঁ জাতীয় উদ্ভিদের সমারোহ লক্ষ্যনীয় । বাহ্যিককভাবে দূর থেকে নবসৃষ্ট বনভূমিগুলি সুন্দর বনের মতই দেখায়। তবে এ সমস্ত বনভূমিতে প্রাকৃতিকভাবে সৃষ্ট সুন্দর বনের তুলনায় জীববৈচিত্র অপেক্ষাকৃত কম। কেননা, এ সমস্ত চরে শুধুমাত্র লবনাক্ততা সহিষ্ণু কিছু নির্বাচিত জাত যেমন গেওয়া, কেওড়া, বাইন, ছইলা ইত্যাদি গাছের চারা রোপন করা হয়েছে। এ সাথে বনের নীচের স্তরে গোলপাতা, হারগোঁজা, কাঁকড়া প্রভৃতিসহ অনেক প্রজাতির জন্মলাভ করেছে । ইতোমধ্যে চরের মাঝে মাঝে নদী ভাংগন দেখা দিয়েছে। নদী ভাংগন রোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করলে চরগুলি ক্রমান্বয়ে নদীগর্ভে বিলিন হবার আশংকা রয়েছে (চিত্র ৩ ও ৪)। তাছাড়া, নবসৃষ্ট চরগুলিতে অসংখ্য গরু, মহিষ চরতে দেখা যায়। গরু, মহিষের অবাধ বিচরণের ফলে নব সৃষ্ট বনভূমির চারাগুলি বিনষ্ট হবার আসংকা রয়েছে। ফলে, বনায়ন কার্যক্রম বিঘ্নিত হতে পারে (চিত্র ৫ ও ৬)।

ইতোমধ্যে চরগুলিতে বিভিন্ন পাখীর আনাগোনা লক্ষ কর গেছে। চরগুলিতে কিছু পর্যটন সুবিধা গড়ে তোলা হলে দেশের পর্যটন সুবিধার (চিত্র ৭) প্রসারের এবং রাজস্ব আয়ের সম্ভাবনার দ্বার উম্মোচন হবার সুযোগ রয়েছে মর্মে প্রতীয়মান হয়। নবসৃষ্ট চরে বনভূমি ও স্ট্রীপ বনায়ন ছাড়াও চরে বসবাসকারী জনগণকে বৃক্ষ রোপন ও বনায়ন কাজে উদ্বুদ্ধ করা হয়েছে এবং বিভিন্ন উপকারভোগীদের বসতবাড়ি ও আশপাশে খালি জায়গায় নারিকেল সহ বিভিন্ন ভেষজ ও ফলের চারা বিতরণ করা হয়েছে। উপকারভোগীদের সংগে মতবিনিময়কালে জানা যায় বন বিভাগের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী উপকারভোগীগণ স্ব স্ব অধিক্ষেত্রের মধ্যে সৃজিত গাছের ফল তারা ভোগ করবে এবং বনজ বৃক্ষ সমূহ থেকে নির্ধারিত হারে (৬০%) লভ্যাংশ পাবেন। ফলে, তাদের আয়ের সুযোগ বৃদ্ধি পাবে এবং জীবন যাত্রার মান উন্নয়ন হবে মর্মে উপকোরভোগীগণ আশাবাদ ব্যক্ত করেন (চিত্র ৮)।




চিত্র ৩ ও ৪: - চরের ভাংগন কবলিত নদী তীর




চিত্র ৫ ও ৬: – গরু -মহিষের অবাধ বিচরণ



চিত্র ৭: নব সৃষ্ট চরে বিভিন্ন প্রকার পাখীর আনাগোনা



চিত্র ৮: চর কুকরী-মুকরীর জরাজীর্ণ রেঞ্জ অফিসের সামনে উপকারভোগীর সাথে মত বিনিময়

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের তত্বাবধানে নির্মিত বাঁধে কোন স্লুইসগেট না থাকায় লবনাক্ত পানি সহজে চর কূকরী-মূকরীতে প্রবেশ করছে এবং চরবাসির জীবন যাত্রা ব্যহত হচ্ছে মর্মে এলাকা বাসি জানান। তাছাড়া বাঁধের উভয় পার্শে সৃষ্ট স্ট্রীপ বনায়ন করা হলেও মাঝে মাঝে ফাঁকা রয়েছে মর্মে দেখা যায়। এলাকা বাসি জানান আরো ঘনভাবে গাছ লাগানোর প্রয়োজন ছিল (চিত্র ৯ ও ১০)। চর কূকরীমুকরীতে মৎস্য অধিদপ্তরের তত্বাবধানে তৈরি ৪টি পুকুর/জলাশয় খননের ফলে মৎস্য চাষ শুরু হয়েছে। চর বাসির দৈনন্দিন আয়ের নতুন উৎস্য হিসাবে কাজ করছে বলে তারা জানায়। ভোলা জেলার চরফ্যাশন উপজেলায়

প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন কার্যক্রমের তালিকা পরিশিষ্ট ২ -এ দেখানো হলঃ





চিত্র ৯ ও ১০: চর কুকরী-মুকরীতে বিডব্লিউডিবি'র বাঁধ বরাবর স্ট্রীপ বনায়ন

১৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

২০। উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ প্রকল্পের উদ্দেশ্যে অনেকাংশে অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

২১। অডিটঃ

মন্ত্রণালয়ের প্রেরিত পিসিআর অনুযায়ী প্রকল্পের প্রকল্পের internal বা external কোন অডিটই সম্পন্ন হয়নি। বন অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ জানান যে, প্রকল্পটি বৈদেশিক সহায়তায় বাস্তবায়িত হয়েছে। সুতরাং বৈদেশিক সহায়তাপুষ্ট অডিট কর্তৃপক্ষ কতৃক ইতোমধ্যে প্রকল্পের অডিট সম্পন্ন হয়েছে; যা খুব শীঘ্রই সংশ্লিষ্ট সংস্থায় প্রেরণ করা হবে। সম্পাদিত অডিটের কপি অবিলম্বে আইএমই বিভাগে প্রেরণের জন্য বন অধিদপ্তরের কর্মকর্তাকে পরামর্শ দেয়া হয়।

২২। আইএমইডি'র পর্যবেক্ষণ/বিদ্যমান সমস্যাবলীঃ

''কমিউনিটি বেজড এডাপ্টেশন টু ক্লাইমেট চেঞ্জ থ্রু কোস্টাল এফোরেষ্টেশন ইন বাংলাদেশ (২য় সংশোধিত) (২য় আন্তখাত সমন্বয়)" শীর্ষক প্রকল্পের সমাপ্ত প্রকল্পের বাস্তবায়ন বিষয়ে আইএমইডি'র পর্যবেক্ষণ/বিদ্যমান সমস্যাবলীঃ

ক্রমিক	পরিকল্পিত উদ্দেশ্য	বাস্তব অর্জন
১৯.১।	জলবায়ূ পরিবর্তন জনিত ঝুকিঁ মোকালেরার লক্ষ্যে উপকূলীয় জনগণের সক্ষমতা বৃদ্ধি এবং উপকুলীয় এলাকার ই-কোসিস্টেম সংরক্ষণ;	বাংলাদেশ উপকূলীয় এলাকার জীব বৈচিত্র বৃদ্ধি, উপকূলে বসবাসকারী জনগণের উপর জলবায়ূ পরিবর্তন জনিত বিরূপ প্রভাব প্রসমন ও জীবনযাত্রা মান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রকল্প ভূক্ত চার জেলার ৪টি উপজেলায় (ক) নবগঠিত চর সমূহে ৯০০০ হেঃ ম্যানগ্রুভ বন; (খ) ৪৪৪ হেঃ নন-ম্যানগুভ বনায়ন; (গ) ৬৮০ কিঃ মিঃ স্ট্রীপ বনায়ন; (ঘ) ২০০ হেঃ নন-ম্যানগ্রোভ মিশ্র বনায়ন; (ঙ) নার্সারী তৈরি ও বন ব্যাবস্থাপনার বিষয়ে ১২৭০০ জনকে প্রশিক্ষণ প্রদান এবং (চ) ৪.০৭ কিঃ মিঃ বাঁধ নির্মাণ এবং (ছ) ৮ টি মিঠা পানির জলাশয় তৈরি (৪টির আয়তন ১৭৬ শতক করে এবং ৪টির ২০০ শতক করে) নির্মাণ করা হয়েছে;
১৯.২।	জলবায়ূ ঝুকিঁ হ্রাস মূলক কার্যক্রম;	(ক) জেলা পর্যায়ে ১৫১ জন, উপ জেলা পর্যায়ে ৮১৪, ইউনিয়ন পর্যায়ে ৪৫০ জন এবং ১০০ জন মহিলা সহ মোট ১৪১৫ জন সরকারী ও বেসরকারী কর্মকর্তা এবং এবং স্থানীয় জনগণকে জলবায়ূর ঝুকিঁ প্রসমনমুলক প্রশিক্ষণ প্রদান; (খ) ৬০৪০ পরিবারের দক্ষতা বৃদ্ধির বিষয়ক প্রশিক্ষণ প্রদান; (গ) কমিউনিটি ভিত্তিক উপকূলীয় বনায়ন কার্যক্রম জোরদার ও ৩৫০০ পরিবারকে জীবনযাত্রার মান উন্নয়নমুলক সহায়তা প্রদান; (ঘ) জলবায়ূর ঝুকিঁ সংক্রান্ত প্রাক-পূর্বভাস চালু এবং জলবায়ূ পরিবর্তনের সাথে সহাবস্থানমূলক/অংশ গ্রহণমূলক কর্মপরিকল্পনা গ্রহণ বিষয়ক প্রতিবেদন প্রণয়ন;
১৯.৩।	উপকূলীয় জনগণের উপর জলবায়ূ পরিবর্তনের ঝুকিঁ হ্রাসের লক্ষ্যে জাতীয় নীতিমালা সংশোধন;	দেশের বিদ্যমান বিভিন্ন নীতিমালা যেমন - বন নীতি (১৯৯৪), ভূমি ব্যবহার নীতি (২০০১), উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনা নীতি (২০০৫), পরিবেশ নীতি (১৯৯২) ইত্যাদিতে জলবায়ূ পরিবর্তন/ঝুঁকির সাথে সম্পৃক্ত বিষয়াদি অন্তর্ভুক্ত করণের লক্ষ্যে সুপারিশমালা প্রণয়ন;
১৯.৪।	অনুসরণীয় শিক্ষা;	বিভিন্ন প্রকার জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে ১০ টি জ্ঞানমুলক ডকুমেন্ট প্রকাশ, ১৭ টি প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরি, বিভিন্ন প্রকার বসিউর, লিফলেট, তথ্যকণিকা এবং ৪টি ডকুমেন্টারি তৈরি করা হয়েছে।

২২.১।

- সর্বশেষ সংশোধনী মোতাবেক প্রকল্পের অনুমোদিত ব্যয় ৭১৫৭.৭৮ লক্ষ টাকা। তন্মধ্যে ১০১৫.২৯ লক্ষ টাকা জিওবি এবং ৬১৪২.৪৯ লক্ষ টাকা প্রকল্প সহায়তা। পিসিআর -এ (পৃষ্টা ১৪) বিভিন্ন অর্থ বছরে প্রকল্পের অনুকূলে সংশোধিতি এডিপি বরাদ্দ প্রদান করা হয়েছে ৬৮৮৯.৫৪ লক্ষ টাকা। তন্মধ্যে জিওবি ১০১৫.২৯ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ৬১৫০.৩৭৭ লক্ষ টাকা দেখানো হয়েছে। প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে উল্লিখিত প্রকল্প সহায়তার (৬১৪২.৪৯ লক্ষ টাকা) চেয়ে অবমুক্ত অর্থের পরিমান (৬১৫০.৩৭৭ লক্ষ টাকা) কিভাবে বেশী হয় বিষয়টি বোধগম্য নয়।
- বিভিন্ন অর্থ বছরে অর্থ অবমুক্ত কলামে দেখানে হয়েছে ৫৮০৪.৩৬৪ লক্ষ টাকা। অথচ, মোট ব্যয়ের কলামে উল্লেখ করা হয়েছে ৫৯৮৬.৩৬ লক্ষ টাকা (জিওবি ১০১৫.২৯ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ৫৪২৫.০৪ লক্ষ টাকা)।

প্রকৃতপক্ষে ব্যয়ের কলাম ৮ (জিওবি) ও ৯ (প্রঃ সহাঃ) -এর প্রকৃত যোগফল হয় ৬৪৪০.৮৬ লক্ষ টাকা; যা অবমুক্তকৃত অর্থের (কলাম ৬) চেয়ে ৬৩০.০৪ লক্ষ টাকা বেশী। অবমুক্তের চেয়ে ব্যয় বেশীর বিষয়টি অগ্রহণযোগ্য।

- অনুরুপভাবে পিসিআর -এ (পৃষ্টা ৪ - ১২) প্রকল্পের অংগ ভিত্তিক ব্যয় বিবরণীতে উল্লেখিত প্রকল্প সহায়তার পরিমান অনুমোদিত ডিপিপি'র সাথে সামঞ্জস্যপূর্ণ অর্থাৎ ৬১৪২.৪৯ লক্ষ টাকা। তন্মধ্যে ব্যয় দেখানো হয়েছে ৫১১৭.৩৭৩ লক্ষ টাকা; যা প্রকল্প সহায়তার ৮৩ .৩১% । অথচ, বছর ভিত্তিক (পিসিআর –এর পৃষ্ঠা ১৪) প্রকল্প সহায়তার ব্যয় দেখানো হয়েছে ৫৪২৫.০৪ লক্ষ টাকা। এমতাবস্থায়, পিসিআর -এ উল্লিখিত এ ধরণের তথ্যগত বিভ্রাট গ্রহণযোগ্য নয়।

- উল্লেখ্য, পিসিআর -এর শুধুমাত্র শেষ পাতায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্বাক্ষর রয়েছে। ত প্রতি পাতায় কোন স্বাক্ষর নাই। পিসিআর -এর বিভিন্ন বিষয়ে অসংগতি প্রসংগে পরিবেশ ও বন মন্ত্রণালইয়ে পত্র দিয়ে এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্তকর্তাদের (জনাব মোঃ আবুল হাসেম, সহকারী প্রধান, পরিবেশ ও বন মন্ত্রণালয়, জনাব মোঃ অলিউল হক, সহকারী বন সংরক্ষক, বন অধিদপ্তর, বেগম রুমা হোসেন, গবেষণা কর্মকর্তা, বন অধিদপ্তর, ডঃ পরমেশ নন্দী, প্রকল্প ম্যানেজার) সাথে যোগাযোগ করে কোন সন্তোসজনক ব্যাখ্যা পাওয়া যায়নি। তবে, তাঁরা জানান যে, জিওবি'র ১০১৫.২৯ লক্ষ টাকা ইন-কাইন্ড হিসাবে ব্যয় হয়েছে এবং প্রকল্প সহায়তার ১০২৫.১১৬ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে; যা উন্নয়ন সহযোগীদের নিকট থেকে প্রকল্পের অনুকূলে বরাদ্দই করা হয়নি **(অনুচ্ছেদ – ৫, ৬, ০৯, ১২, ১৩, ১৪)।**

২২.২। প্রকল্পের মূল অনুমোদিত ব্যয় ৩৯৭৭.১০৯ লক্ষ টাকা এবং মেয়াদ ছিল অক্টোবর, ২০০৯ - জুন, ২০১২ পর্যন্ত। যা প্রথম সংশোধিত প্রকল্পটি ২ বার সংশোধন এবং ১ বার মেয়াদ বৃদ্ধির ফলে প্রকল্পের সর্বশেষ অনুমোদিত ব্যয় উন্নিত হয়েছে ৭১৫৭.৭৭৯ লক্ষ টাকায় ও মেয়াদকাল হয়েছে অক্টোবর, ২০০৯ - জুন, ২০১৫ পর্যন্ত। অর্থাত প্রকল্পের ব্য ও মেয়াদ মুল ব্যয় ও মেয়াদের তুলনায় যথাক্রমে ৭৯.৯৭% (৩১৮০.৬৭ লক্ষ টাকা) এবং ১০৯.০৯% (৩ বছর) বৃদ্ধি পেয়েছে। অথচ, প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি হয়েছে যথাক্রমে **যথাক্রমে ৮৬.৮৯% এবং ৭৮.৩১%।** প্রকল্প প্রণয়নে ও বাস্তবায়নে দূর দৃষ্টির অভাব ছিল মর্মে প্রতীয়মান হয়। প্রকল্প প্রণয়নকালে যথাযথভাবে ডিজাইন এবং সে অনুযায়ী প্রাক্কলন করা হলে প্রকল্পটির ব্যয় ও মেয়াদ বার বার বৃদ্ধির প্রয়োজন হত না **(অনুচ্ছেদ – ৫, ৬, ০৯, ১২, ১৩, ১৪);**

২২.৩। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সরবরাহকৃত তথ্য অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত (বনায়ন, বাঁধ নির্মাণ, মৎস্য চাষ, কৃষি প্রদর্শনী) প্রয়োজনীয় জায়গার সংস্থান না হওয়ায় বৈদেশিক সহায়তার অনুদান সমূদয় অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। ফলে প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি হয়েছে যাক্রমে ৮৬.৮৯% এবং ৭৮.৩১% (অনুচ্ছেদ – ০৯, ১৪);

২২.৪। প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী একাধিক সংস্থা (বন অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, প্রাণী সম্পদ অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড) সম্পৃক্ত থাকায় পরিবেশ ও বন মন্ত্রণালয় লিড মন্ত্রণালয় হিসাবে দায়িত্ব পালন করেছেন। সে ক্ষেত্রে বিভিন্ন সংস্থার মধ্যে সমন্বয়ের স্বার্থে পরিবেশ বন মন্ত্রণালয়ের সচিব নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। ফলে, সচিব মহোদয়ের বদলির সাথে সাথে প্রকল্পপ পরিচালককেরও পরিবর্তন হয়েছেন। ফলে প্রকল্পের ৫ বছর ৯ মাস মেয়াদে ৫ জন সচিব প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন (অনুচ্ছেদ -১৬);

২২.৫। প্রকল্পের আওতায় নবসৃষ্ট চরগুলিতে বনায়নের ফলে, নয়নাভিরাম দৃশযের অবতরণা হয়েছে এবং ইতোমধ্যে বিভিন্ন দেশী-বিদেশী পাখির আনাগোনা লক্ষ্য করা যায়। তবে, নবসৃষ্ট চরে সৃজিত বনভূমিগুলি বিভিন্ন নদী ভাংগন ও গরু, মহিষ অবাধ বিচরবাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নির্মিত বাঁধের দু'ধারে মাঝে মাঝে গাছ-পালা কম থাকায় বাঁধে ভাংগন পরিলক্ষিত হয়েছে এবং বাঁধে সুইসগেট না থাকায় চর কুকরী-মুকরীতে লবনাক্ত পানির অনুপ্রবেশ করছে। (অনুচ্ছেদ -১৬);

২২.৬। প্রকল্পের বাস্তবায়নের আয় ব্যয়ের হিসাব সংবলিত অডিট একটা অত্যাবশ্যকীয় কার্যক্রম হওয়া সত্বেও পিসিআর এ অডিত সংক্রান্ত কোন তথ্য নাই (অনুচ্ছেদ -২০);

২৩। আইএমইডি'র মতামতঃ

২৩.১।

- পিসিআর -এ উল্লেখিত প্রকল্পের অনুমোদিত ব্যয়, সংশোধিত এডিপি বরাদ্দ, বছর ভিত্তিক অর্থ অবমুক্তি ও প্রকৃত ব্যয় এবং অংগভিত্তিক বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য গত বিভ্রাট গ্রহণযোগ্য নয়;

- সুতরাং পিসিআর এ উল্লিখিত বিভ্রাটমূলক তথ্যাদি সংশধনপূর্বক সংশোধিত পিসিআর এর প্রতি পৃষ্টায় স্বাক্ষরপূর্বক এ বিভাগে পূনঃরায় প্রেরণ করবে;
- ভবিষ্যতে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন প্রণয়ন কালে আরও অধিকতর সতর্ক হওয়া প্রয়োজন;
- মন্ত্রণালয় পিসিআর প্রণয়নের সাথে সম্পৃক্তদের বিষয়ে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

(অনুচ্ছেদ – ৫, ৬, ০৯, ১২, ১৩, ১৪,২২.১);

২৩.২। ভবিষ্যতে প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে যথাযথভাবে ডিজাইন এবং সে অনুযায়ী প্রাক্কলন করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা অনুমোদিত ব্যয়ে ও নির্ধারিত সময়-সীমার মধ্যে প্রকল্পের সকল অংগের বাস্তবায়ন আবশ্যিকভাবে সমাপ্তির লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে;

(অনুচ্ছেদ – ৫, ৬, ০৯, ১২, ১৩, ১৪,২২.২);

২৩.৩। সম্ভাব্যতা যাচাই পূর্বক যথাযথ প্রক্রিয়া অনুসরন করে প্রকল্প গ্রহণ করা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের অগ্রগতি অর্জন করা সহজ হত। এছাড়া বৈদেশিক অর্থ ব্যবহারে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি করা প্রয়োজন। (অনুচ্ছেদ – ১৩); (অনুচ্ছেদ – ০৯, ১৪, **২২.৩**);

২৩.৪। প্রকল্পের নিরবছিন্ন বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে ঘন ঘন প্রকল্প পরিচালকের পরিবর্তন না করে প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত পরিকল্পনা কমিশনের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা বাঞ্ছনীয় (অনুচ্ছেদ -১৬, **২১.৪**);

২৩.৫। প্রতিবেদনের ১৮নং অনুচ্ছেদে উল্লেখিত নবসৃষ্ট চরে সৃজিত বনভূমিসহ প্রকল্পের আওতায় সৃজিত তন্যান্য বনভুমিগুলি যথাযথভাবে সংরক্ষণ, উপকূলে বসবাকারী জনগণের উপর জলবায়ু পরিবর্তন জনিত বিরুপ প্রভাব হ্রাস এবং জলবায়ু পরিবর্তন জনিত পরিস্থিতির সাথে উপকূলবাসীর খাপ খাওয়ানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।নবসৃষ্ট চরগুলিতে বনায়নের পাশাপাশি পর্যটন সুবিধা বৃদ্ধির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণকরা যেতে পারে। (অনুচ্ছেদ -১৬, **২২.৫**);

২৩.৬। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অবিলম্বে প্রকল্পের অডিট সম্পন্ন করতে হবে এবং অডিটের কপি আইএমই বিভাগে প্রেরণ করতে হবে। (অনুচ্ছেদ -২০, **২২.৬**);

২৩.৭। অনুচ্ছেদ **২২.১** থেকে **২২.৬** –এ উল্লিখিত পর্যবেক্ষণ/মতামতের আলোকে গৃহীত কার্যক্রম প্রশাসনিক মন্ত্রণালয় আগামী ০২ মাসের মধ্যে আইএমিডি-কে অবহিত করবে।

পরিশিষ্ট ক-১: প্রকল্পের অঙ্গ ভিত্তিক

Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress		Reasons for deviation (±)
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7
A. Revenue Component						
Contractual Services-Companies (CBA Management Plan)	Ls	84.879	Ls	84.879	Ls	
Consultancy Services-Individual (Climate Change Adaptation Expert)	Person	4.500	3 MM	4.500	3 MM	
Consultancy Service Individual (Climate Resilient Livelihood (Expert)	Person	4.500	3 MM	4.500	3 MM	
Consultancy Service Individual (Land use and land Zoning Expert)	Person	3.200	3 MM	3.200	3 MM	
Operation and Maintenance of Drainage System and Water Reservoirs	No.	126.676	4 reservoirs and 4 CCs	47.950	4 reservoirs and 4 CCs	**(-) 78.726** Implementing partner achieved the target with less expenditure than projected
Consultancy Services Individual (4 Community Organizer for community Based Coastal Afforestation Activities)	Person	126.150	189 MM	73.874	112 MM	**(-) 52.276** Recruitment delayed and 2 COs left the project
Community Development Assistant (16)	Person	117.720	222.5 MM	82.147	155 MM	**(-) 35.573** Only 13 CDSs recruited
